গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
শিবালয়, মানিকগঞ্জ।

স্মারক নং উখানি/শিবা/বোরো ধান/২০২৬- তারিখঃ- ১৪/০৫/২০২৬ খ্রিঃ

প্রাপক,
চেয়ারম্যান /প্রশাসক............................................................. ইউনিয়ন পরিষদ,
শিবালয়, মানিকগঞ্জ।

বিষয়ঃ প্রকৃত কৃষকদের নিকট হতে ধান সংগ্রহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বোরো সংগ্রহ ২০২৬ মৌসুমে উথলী খাদ্য গুদামের অনুকুলে ৫৫০.০০০ মেঃটন ধানের বরাদ্দ পাওয়া যায়। বোরো সংগ্রহ, ২০২৬ মৌসুমে কৃষকের অ্যাপসের পাশাপাশি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক তালিকাভুক্ত কৃষকের নিকট হতে "আগে আসলে আগে বিক্রয় করতে পারবেন" ভিত্তিতে ধান সংগ্রহ করতে হবে। তবে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রার তুলনায় বিক্রয়ে আগ্রহী কৃষকের সংখ্যা বেশি হলে উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি লটারির মাধ্যমে কৃষক বাছাই করবেন। ধান সংগ্রহ সফল করার লক্ষ্যে আগ্রহী কৃষকদের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহন করার প্রয়োজন। একজন জনপ্রতিনিধি হিসাবে সরকারের ধান সংগ্রহ কার্যক্রমে আপনার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সে মোতাবেক আপনার ইউনিয়নে বোরো/২৬ ধান উৎপাদনকারী কৃষকদের সরকারী গুদামে ধান সরবরাহ করতে আগ্রহী করতে হবে। ইউনিয়নের প্রতিটি হাট ও বাজারে মাইকিং এর ব্যবস্থা করণ ও পত্রের সাথে সংযুক্ত লিফলেট বিতরণ করতে হবে। একজন কৃষকের নিকট হতে সর্বনিম্ন ১২০ (একশত বিশ) কেজি ও সর্বোচ্চ ৩.০০০ মেঃটন ধান ক্রয় করা হবে।

এমতাবস্থায় সরকারী গুদামে ধান সংগ্রহের বিষয়ে মাইকিং, লিফলেট বিতরণ ও স্থানীয় কেবল টিভির মাধ্যমে প্রচার কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ লিফলেট .............. পাতা।

১৪/০৫/২৬
(শামছুন নাহার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
শিবালয়, মানিকগঞ্জ।

স্মারক নং উখানি/শিবা/বোরো ধান/২০২৬- তারিখঃ- ১৪/০৫/২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা
০১। মাননীয় সংসদ সদস্য, মানিকগঞ্জ- ১ ও উপদেষ্টা, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, শিবালয়, মানিকগঞ্জ।
০২। আঞ্চলিক, খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয় ও সভাপতি, , উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, শিবালয়, মানিকগঞ্জ।
০৬। উপজেলা কৃষি কর্মকর্তা, শিবালয় ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, শিবালয়, মানিকগঞ্জ।
০৭। সিনিয়ার উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবালয় ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, শিবালয়, মানিকগঞ্জ।
০৮। উপজেলা উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি(সেচ) কর্মকর্তা, শিবালয় ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, শিবালয়, মানিকগঞ্জ।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা উথলী, এলএসডি, শিবালয়, মানিকগঞ্জ।
১০। জনাব মোঃ মোতাহার হোসেন, বিশিষ্ট সমাজ সেবক (কৃষক প্রতিনিধি) ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, শিবালয়, মানিকগঞ্জ।
১১। অফিস কপি।

(শামছুন নাহার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
শিবালয়, মানিকগঞ্জ।

সু-খবর। সু-খবর। সু-খবর।

# কৃষক ভাইদের জন্য সুখবর

- চলতি বোরো/২৬ মৌসুমে প্রকৃত কৃষকদের উৎপাদিত ধান সরকারী খাদ্য গুদামে সরাসরি ক্রয় করা হচ্ছে।
- সরকারী গুদামে ধান বিক্রয় করে ন্যায্য মূল্য প্রাপ্তির সুযোগ গ্রহন এবং সরকারী খাদ্য শস্যের মজুদ গঠনে সহায়তা করার জন্য কৃষক ভাইদের অনুরোধ করা যাচ্ছে।
- ধানের মুল্য প্রতিকেজি ৩৬ (ছত্রিশ) টাকা নির্ধারন করা হয়েছে।
- প্রতি কৃষক সর্বনিম্ন ১২০ কেজি (৩মন) এবং সর্বোচ্চ ৩০০০ কেজি (তিন মেঃটন) ধান বিক্রয় করতে পারবেন।
- কৃষকের কৃষিকার্ড ও নিজস্ব ব্যাংক অ্যাকাউন্ট থাকতে হবে।
- বিক্রয়কৃত ধানের মুল্য সরাসরি কৃষকের নিজস্ব ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে পরিশোধ করা হবে।
- কোনভাবেই ভেঁজা/কাঁচা/তামাটে রঙের ধান বিক্রয়ের জন্য গুদামে আনা যাবেনা।
- বোরো সংগ্রহ, ২০২৬ মৌসুমে কৃষকের অ্যাপসের পাশাপাশি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক তালিকাভুক্ত কৃষকের নিকট হতে "আগে আসলে আগে বিক্রয় করতে পারবেন" ভিত্তিতে ধান সংগ্রহ করতে হবে। তবে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রার তুলনায় বিক্রয়ে আগ্রহী কৃষকের সংখ্যা বেশি হলে উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি লটারির মাধ্যমে কৃষক বাছাই করবেন;
- নির্বাচিত কৃষক ভাইদেরকে বিক্রয়ের উদ্দেশ্যে বির্নিদেশ মোতাবেক ধান উথলী খাদ্য গুদামে (এলএসডিতে) আনার জন্য অনুরোধ করা হলো।
- ০৩/০৫/২০২৬ খ্রিঃ হতে ৩১/০৮/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ধান সংগ্রহের সময়সীমা নির্ধারিত রয়েছে।

## সংগ্রহযোগ্য ধানের মান (বিনির্দেশ) নিম্নরূপ

| | | |
|---|---|---|
| ১ | আর্দ্রতা | ১৪% সর্বোচ্চ |
| ২ | বিজাতীয় পদার্থ | ০.৫% সর্বোচ্চ |
| ৩ | ভিন্ন জাতের মিশ্রণ | ৮% সর্বোচ্চ |
| ৪ | অপুষ্ট ও বিনষ্ট দানা | ২% সর্বোচ্চ |
| ৫ | চিটা | ০.৫% সর্বোচ্চ |

প্রচারেঃ উপজেলা খাদ্য শস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি, শিবালয়, মানিকগঞ্জ।